অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো ডিজাইন-বিল্ড টিম নির্বাচনের ঘোষণা করেছেন ক্যাশলেস টোলিং ইন্সটল করার জন্য নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়েতে 2020 সাল শেষ হওয়ার মধ্যে

355 মিলিয়ন মার্কিন ডলার বিনিয়োগের অন্তর্ভুক্ত ক্যাশলেস টোলিং বাস্তবায়ন করা এবং 52টি থ্রুওয়ে ইন্টারচেঞ্জে এবং ব্যারিয়ারে বিদ্যমান টোল বুথ অপসারণ করা

সম্পূর্ণ হবার পরে 267 মিলিওনেরও বেশি মোটর চালক যারা থ্রুওয়েটি প্রতি বছর ব্যবহার করেন, নিরবিচ্ছিন্ন, সুসঙ্গত যাত্রা উপভোগ করবেন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষের বোর্ড অফ ডিরেক্টরস (New York State Thruway Authority Board of Directors) ডিজাইন-বিল্ড দলের নির্বাচন অনুমোদন করেছেন, যারা 2020 সাল শেষ হবার মধ্যে থ্রুওয়ে সিস্টেমে ব্যাপকভাবে ক্যাশলেস টোলিং ইন্সটল করা সম্পূর্ণ করবে। 355.3 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ, প্রতি বছর এই সুপারহাইওয়েতে যাত্রা করেন যে প্রায় 267 মিলিয়ন মোটর চালক, তাদের জন্য থ্রুওয়ে সিস্টেমকে রূপান্তরিত করবে।

"নিউ ইয়র্ক স্টেট ঐতিহাসিক বিনিয়োগ করছে যা এক আধুনিক পরিবহন নেটওয়ার্ক নির্মাণ করছে যা 21 শতকের এবং তার পরের সময়ের জন্যও যোগ্য হবে", **গভর্নর কুওমো বলেন।** "ক্যাশলেস টোলিংয়ের মত প্রযুক্তিতে বিনিয়োগের মাধ্যমে, আমরা একটি নিরাপদ, পরিবেশ অনুকূল এবং কম ভিড় সম্বলিত থ্রুওয়ে সিস্টেম তৈরি করছি এবং আমাদের পরিবহন পরিকাঠামো নিউ ইয়র্কের ক্রমবর্ধমান অর্থনীতিকে সমর্থন করতে সক্ষম তা নিশ্চিত করছি।"

"এই গ্রীষ্মে নিউ ইয়র্করা রাস্তায় যখন নামবেন, টোলগুলিতে অবিরাম লাইনের চেয়ে আরো হতাশাজনক আর কিছু নেই", **লেফটেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "অবশেষে, সেই দিনগুলি শেষ হতে চলেছে। ক্যাশলেস টোলিং ইতিমধ্যেই ট্রাফিক প্রবাহকে উন্নত করছে, যার ফলে মোটর চালকরা তাদের গন্তব্যগুলিতে সহজে এবং দ্রুত পৌঁছতে পারছেন, টোল দেবার জন্য না থেমে। নিউট্রাল গিয়ারে থেমে থাকা হ্রাস পাওয়া আমাদের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্যের সম্পূরক, কারণ তা আরো পরিষ্কার এবং সবুজতর পরিবেশের জন্য দূষণ হ্রাস করে।"

ক্যাশলেস টোলিং কনস্ট্রাক্টরস, এলএলসি (Cashless Tolling Constructors, LLC) সেরা মূল্যের প্রস্তাব জমা দিয়েছে, যা অনুমোদনের জন্য নিউ ইয়র্ক স্টেট কম্পট্রোলারের অফিসে (New York State Comptroller's Office) জমা দেওয়া হবে।

2018 সালের স্টেট অফ দা স্টেট বক্তৃতায় (State of the State address) গভর্নর কুওমো ঘোষণা করেছেন যে 2020 সাল শেষ হবার মধ্যে সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে সিস্টেমে ক্যাশলেস টোলিং বাস্তবায়িত করা হবে। নিম্ন হাডসন ভ্যালি অঞ্চলে এবং ওয়েস্টার্ন নিউ ইয়র্কের গ্র্যান্ড আইল্যান্ড ব্রিজেসে থ্রুওয়ের স্থির মূল্যের ব্যারিয়ারগুলিতে ক্যাশলেস টোলিং ইতিমধ্যেই কার্যকর করা হয়েছে।

এই চূড়ান্ত পর্যায়ে, ক্যাশলেস টোলিং কনস্ট্রাক্টরস, এলএলসির কর্মীরা থ্রুওয়ের টিকিট সিস্টেমকে ক্যাশলেস টোলিংয়ে রূপান্তরিত করবে। টিকিট সিস্টেমটির অন্তর্ভুক্ত এক্সিট 15 (উডবেরি) এবং এক্সিট 61 (রিপ্লে – PA লাইন) এবং তার সাথে এক্সিট B1 – B3 (বার্কশায়ার স্পার) এর মধ্যে আনুমানিক 450 মাইলের পথ। 2018 সালে, 158 মিলিয়নেরও বেশি যানবাহন টিকিট সিস্টেমে যাত্রা করেছিল, যা 6.2 বিলিয়ন মাইল যাত্রা করার চেয়ে বেশি ছিল।

থ্রুওয়ে অথরিটির এক্সিকিউটিভ ডিরেক্টর ম্যাথিউ জে. ড্রিসকোল বলেন, "গভর্নর কুওমোর নেতৃত্বে থ্রুওয়ে অথরিটি নিরাপদ, নির্ভরযোগ্য এবং আধুনিক একটি পরিবহন ব্যবস্থায় বিনিয়োগের জন্য নিজেদের অঙ্গিকারবদ্ধ রেখেছে। যখন এটি সম্পূর্ণ হবে, প্রতিদিন থ্রুওয়েতে ভ্রমণকারী লক্ষ লক্ষ মানুষ লাভবাণ হবেন কখনো কোনো টোলবুথে না থামার ফলে, যার ফলে ভিড় কমবে, নিরাপত্তা বাড়বে এবং নিউট্রালে থেমে থাকার ফলে হওয়া নির্গমন হ্রাস করবে।"

গ্যান্ট্রি এবং ক্যাশলেস টোলিং সরঞ্জামসমূহ ইনস্টল করার সাথে গ্রীষ্মের শেষে / শরৎকালের শুরুতে থ্রুওয়ে সিস্টেম জুড়ে নির্মাণ কাজ শুরু হবে। যখন এটি চালু হবে থ্রুওয়ে টিকিট সিস্টেমে, চালকেরা নিরবিচ্ছিন্নভাবে গ্যান্ট্রির তলা দিয়ে যাবেন যাতে আধুনিক সেন্সর ও ক্যামেরা লাগানো আছে যা ই-জি পাস ট্যাগ পড়বে এবং লাইসেন্স প্লেটের ছবি নেবে যাতে গাড়িগুলিকে আর দানড়াতে না হয় টোল প্রদান করার জন্য।

যে সকল যানবাহনের ই-জি পাস থাকবে তাদের স্বয়ংক্রিয়ভাবে চার্জ করা হবে এবং যাদের ই-জি পাস থাকবে না তাদের লাইসেন্স প্লেটের ছবি তুলে নিবন্ধিত মালিকের কাছে টোল পরিশোধের জন্য বিল ডাকযোগে পাঠানো হবে। যে সকল গ্রাহকেরা মেইলের মাধ্যমে টোল (Tolls By Mail) পরিশোধ করবে তারা পূর্বের নগদ অর্থ পরিশোধকারী গ্রাহকের সমান টোল পরিশোধ করবে এবং নিউ ইয়র্কের হিসাবধারী ই-জেডপাশের গ্রাহকেরা অব্যাহতভাবে পাঁচ শতাংশ ছাড় পাবে।

ডিজাইন বিল প্রজেক্টের প্রয়োজনীয়তাগুলির অংশ হিসাবে, 2020 সালের শেষের মধ্যে 52টি থ্রুওয়ে ইন্টারচেঞ্জ এবং টোল ব্যারিয়ারগুলিতে ক্যাশলেস টোলিঙ্গে বদল করা হবে।

বদলের পরে, বিদ্যমান টোল প্লাজা এবং ব্যারিয়ারগুলি পর্যায়ক্রমে অপসারণ করা হবে। নির্মাণের পর্যায়ে, চালকরা গতি কমিয়ে, না থেমে বিদ্যমান টোল লেনগুলির মধ্যে দিয়ে যাত্রা চালিয়ে যেতে থাকবেন বুথগুলি না সরানো পর্যন্ত এবং সড়ক পুনর্গঠন সম্পূর্ণ না হওয়া পর্যন্ত। এই সময়ে চালকদের টোল প্লাজার নিকট সতর্কতা অবলম্বন করতে হবে, কারণ এটি তখন একটি সক্রিয়

নির্মাণ অঞ্চল হবে। টোল লেনের মাধ্যমে যাত্রা করার সময় পোস্ট করা গতির সীমা হবে 20 মাইল প্রতি ঘন্টা।

2020 সালের শেষ নাগাদ ক্যাশলেস টোলিং সিস্টেমের প্রস্তুতির জন্য নিউ ইয়র্ক স্টেট থ্রুওয়ে কর্তৃপক্ষ সমস্ত ড্রাইভারকে স্মরণ করিয়ে দেয় যে নিউ ইয়র্ক স্টেটের আইন অধিবাসীদের মোটর ভেহিক্লস বিভাগের (Department of Motor Vehicles) সাথে তাদের বর্তমান ঠিকানা হালনাগাদ রাখতে বলে যাতে সঠিক মালিকের কাছে বিলগুলি পাঠানো হয়। চালকদের 10 দিনের মধ্যে ডিপার্টমেন্ট অফ মোটর ভেহিক্লসের (Department of Motor Vehicles, DMV) সাথে তাদের ঠিকানা আপডেট করতে হবে। চালকরা DMV-র সঙ্গে তাদের ঠিকানা আপডেট করতে পারেন dmv.ny.gov -তে গিয়ে।

ই-জি পাস ট্যাগগুলি রাজ্য জুড়ে 800 টিরও বেশি স্থানে বিক্রি হয় থ্রুওয়ে পরিষেবা এলাকাগুলি, নির্বাচিত নগদ টোল লেনগুলি, স্থানীয় মুদিখানা এবং কনভেনিয়েন্স দোকানে এবং পৌরসভা অবস্থানগুলিতে, নিউ ইয়র্ক স্টেট DMVs এবং অনলাইন সহ। আপনার কাছাকাছি একটি খুচরা বিক্রেতা খুঁজে পেতে, thruway.ny.gov/getezpass এ যান।

কিভাবে ক্যাশলেস টোলিং কাজ এবং সময়মত অর্থ প্রদানের বিষয়ে টিপস সম্পর্কে ব্যাপক তথ্যের জন্য, thruway.ny.gov এ থ্রুওয়ে কর্তৃপক্ষের ওয়েবসাইট দেখুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন